

## রংপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অনিশ্চয়তার মুখে

**রংপুর অফিস**

রংপুর বিশ্ববিদ্যালয়ের স্তান কর এক হবে। এ নিয়ে শিক্ষার্থীরা অনিশ্চয়তায় পড়েন। চলতি মাসের ২৮ জানুয়ারি থেকে স্তান শুরু হবে। এ জন্য শিক্ষক নিয়োগ পরীক্ষা ১৪ জানুয়ারি অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও তা হয়নি। এই দিন শিক্ষা মন্ত্রণালয় থেকে সব পর্যাপ্ত বিশ্ববিদ্যালয়ের নিয়োগ পরীক্ষা করে নির্দেশ জারি করা হয়। এ কারণে রংপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগ পরীক্ষা স্থগিত করা হয়েছে। এ পরিস্থিতির মুখে রংপুর বিশ্ববিদ্যালয়ে প্রথম ব্যাচের শিক্ষার্থীরা তাদের শিক্ষা জীবন নিয়ে অনিশ্চয়তার মুখে পড়ছেন। অভিভাবকরাও এ নিয়ে উদ্বিগ্ন। গত বছরের ডিসেম্বরের শেষ সপ্তাহে, রংপুর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা এবং চলতি বছরের জানুয়ারির প্রথম সপ্তাহে-ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়। ৬টি অনুষদে ৫০টি করে আসনের বিপরীতে প্রায় ২০ হাজার শিক্ষার্থী এই ভর্তি পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ৩০০ জনকে মেধার ভিত্তিতে ভর্তির সুযোগ দেয়া হয়। তদাবধায়ক সরকারের মেয়াদ শেষ হুমুতে কারমাইকেল কলেজের অধ্যক্ষগণকৃত ৭৫ একর ভূমিতে রংপুর বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। সেখানে স্থাপনা নির্মাণ শেষ না হওয়া পর্যন্ত এ শিক্ষা কার্যক্রম রংপুর শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রে শুরু হয়েছে। এর জন্য ১০০ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছিল। সেই অনুপাতে ১৪ জানুয়ারি শিক্ষক নিয়োগ পরীক্ষা সম্পন্ন শেষে শিক্ষকদের নিয়োগ প্রদান ও ২৮ জানুয়ারি থেকে প্রথম ব্যাচের শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম শুরু হওয়ার কথা ছিল। কিন্তু হঠাৎ করে ১৪

জানুয়ারি শিক্ষা মন্ত্রণালয় এক জরুরি বার্তা জারি করে দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগ পরীক্ষা স্থগিত ঘোষণা করে। ফলে রংপুর বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষক নিয়োগ বন্ধ হয়ে গেছে। বর্তমানে কয়েকজন অতিস কর্মচারী, রেজিস্টার ও তিন নিয়োগ কর্মী রংপুর বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু করা হয়েছে। রংপুর বিশ্ববিদ্যালয় বাওবাচন পরিষদের আহ্বায়ক প্রফেসর ড. মুহাম্মদ রেজাউল হক দ্রুত শিক্ষক নিয়োগ করে শিক্ষা কার্যক্রম চালু করার জন্য সরকারের কাছে দাবি জানিয়েছেন। এ প্রসঙ্গে জনতে চাইলে রংপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এন মুহম্মদ রহমান জানান, ২৪ জানুয়ারি সিভিলসেক্টর সচিব বিষয়টি নিয়ে আলোচনা করা হবে।